

নিয়ন্ত্রিত ডায়াবেটিসে লাইপোসাকশন কার্যকরী

অনেকের ধারণা লাইপোসাকশন ওজন কমানোর জন্য একটি অস্ত্রোপচার। ব্যাপারটা ঠিক তা নয়। শরীরের বিভিন্ন অংশের চামড়ার নিচে ও পেশির মধ্যবর্তী স্থানে যে বাড়তি মেদ জমে, সৌন্দর্য রক্ষার তাগিদে লাইপোসাকশনে সে সব অংশ থেকে আলাদা আলাদা ভাবে মেদ বের করে আনা হয়। আপনাদের যাবতীয় প্রশ্নের উত্তর দিয়েছেন ডাঃ অরিন্দম সরকার

কতটা মেদ কমানো যায়? এক সিটিংয়ে শরীরের মোট ওজনের ১০% মেদ বের করা যায়। বেশি মেদ বের করতে চাইলে একাধিক সিটিং লাগে। মেগা লাইপোসাকশন পদ্ধতিতে এর চেয়েও বেশি মেদ বের করা সম্ভব। সাধারণত শরীরের যে-সব অংশের মেদ ডায়েটিং বা জিমে গিয়ে কমানো যায় না, সেখানকার মেদ কমাতেই লাইপোসাকশন। তবে এ পদ্ধতির সীমাবদ্ধতাও আছে।

শরীরের কোন অংশ থেকে বাদ দেওয়া হয়? বুক, তলপেট, পাকস্থলীর অংশ, উরু ও পশ্চাদেশ অঞ্চলে সাধারণত সবচেয়ে বেশি লাইপোসাকশন করা হয়। অন্যান্য অংশের মধ্যে পায়ের ডিম (calf), বাহু, থুতনি, চিবুক বা মুখের বিভিন্ন অংশ রয়েছে। কী করা হয়?

লাইপোসাকশনে অজ্ঞান করে শরীরের যে অংশের মেদ বের করা হবে সেখানে মোটামুটি ০.৫ সেমি ব্যাসের ছোট ছোট ফুটো করা হয়। মেদ নিষ্কাশনের আগে সেই ফুটো দিয়ে এক ধরনের তরল রাসায়নিক (ওষুধ মিশ্রিত লবণ জল) শরীরে ঢুকিয়ে



অবস্থা বা কতখানি মেদ বের করা হল তার ওপর ভিত্তি করে কতদিন এ পোশাক পরে থাকতে হবে, তা স্থির হয়।

কার্টুন: ভাপস সরকার

দেওয়া হয়। এই রাসায়নিকটি মেদ ভেঙে দেওয়ার কাজে সাহায্য করে। তারপর ফুটো দিয়ে বিদেশি ক্যানুলা ঢুকিয়ে সাকশন করে মেদ বের করা হয়। আধা তরল অবস্থার মেদ বেরয়। কোনও দাগ না থাকায় এই অস্ত্রোপচারকে 'স্কারলেস সার্জারি'ও বলে। অস্ত্রোপচারের জন্য মোটামুটি দুই থেকে আড়াই ঘণ্টা লাগে। বেশি মেদ বের করলে হাসপাতালে একদিন থাকতে হয়। অস্ত্রোপচারের পর কী পদক্ষেপ? সার্জারির পর চামড়ার কোঁচকানো বা ভাঁজ হয়ে যাওয়া রুখতে অনেকটা টাইট জ্যাকেট বা বেষ্টের মতো বিশেষ পোশাক পরানো হয়। অস্ত্রোপচারের

করা করতে পারেন? অনিয়ন্ত্রিত ডায়াবেটিস বা বড় ধরনের হার্টের অসুখ নেই, এমন যে-কোনও সুস্থ ব্যক্তিই লাইপোসাকশন করতে পারেন।

তবে ডায়াবেটিস নিয়ন্ত্রণে থাকলে বরং এই সার্জারি অনেকটা উপকার করে। ইনসুলিন রেজিস্ট্র্যাপ কমে।

মেদ ফিরে আসতে পারে? প্রশ্নটা খুবই স্বাভাবিক। অস্ত্রোপচার পরবর্তীতে নিয়মিত এক্সসাইজ ও ডায়েট মেনে চললে মেদ ফিরে আসার প্রশ্ন নেই। অস্ত্রোপচারের ২ দিনের মধ্যে স্বাভাবিক হটাচলা ও ৬ সপ্তাহের মধ্যে জিমে যাওয়া যেতে পারে।

খরচ? নার্সিংহোমে থেকে অস্ত্রোপচার করলে, সার্জেন ফি বাবদ প্রতি লিটার মেদ নিষ্কাশনে খরচ ৩,৫০০ টাকা। প্যাকেজে জেনারেল বেডে থেকে করলে খরচ লিটার পিছু ৫,০০০ টাকা। কয়েকটি ক্ষেত্রে খরচ কমবেশি হতে পারে।



ডাঃ অরিন্দম সরকার। এম এস, এম সিএইচ (প্লাস্টিক সার্জারি)। প্রখ্যাত কনসালটেন্ট কসমেটিক ও প্লাস্টিক সার্জেন। কলকাতার এস এস কে এম হাসপাতাল ও আই পি জি এম ই অ্যান্ড আর-এ প্লাস্টিক সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক। চেম্বার: কসমেটিক অ্যান্ড প্লাস্টিক সার্জারি সেন্টার, ৩৭বি, ল্যান্ডাউন টেরাস, কলকাতা-৭০০ ০২৬ (দেশপ্রিয় পার্কের কাছে ন্যাশনাল হাই স্কুল ফর গার্লসের পেছনে)। যোগাযোগ: ৯৮৩০৬-৪৫৭০৫। জরুরি ক্ষেত্রে: ৯৮৩১১-৮৭৫৫৭। ই-মেল: doctor.asarkar@gmail.com ওয়েবসাইট: www.arindamsarkar.in